গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী (দ্বিতীয় সভা)**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আঃ খালেক মল্লিক, মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিএমডি |
| তারিখ | : ১৩.০৩.২০২৩ খ্রি. |
| সময় | : সকাল ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : বিএমডির সভা কক্ষ |
| সভার উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ টি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। মৌলভীবাজার ও ময়মনসিংহ জেলার ইজারাদার/ইজারাপ্রত্যাশী, এভারলাস্ট মিনারেলস এর প্রতিনিধি, জিএসবি ও হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধি এবং বিএমডির সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীবৃন্দ এ সভায় উপস্থিত ছিলেন।

২.০ আলোচনা

সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে নিম্নবর্ণিত ০৫ টি জবাবদিহিমূলক উপকরণ নির্ধারণ করা হয়েছে যথা: এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস), সেবা প্রদান প্রতিশ্রুতি এবং তথ্য অধিকার (আরটিআই)। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদান করে সেহেতু উল্লেখিত বিষয়সমূহ সম্পর্কে সেবাগ্রহীতাদের ধারণা প্রদান করতে হবে। সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে বিএমডির সার্বিক কার্যক্রম বিষয়ে যে কোন অভিযোগ দায়েরের নিমিত্ত ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), বিকল্প অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে। সেবা প্রাপ্তিকে কোন অভিযোগ থাকলে তারা ম্যানুয়ালি অথবা অনলাইন যে কোন পদ্ধতিতেই আবেদন করতে পারেন। সিটিজেন চার্টারের উল্লেখিত সেবাসমূহ অনলাইন জিআরএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভূক্ত করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী বিএমডির সিটিজেন চার্টার হালনাগাদ করে ইতোমধ্যে সেবাসমূহ অনলাইন জিআরএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভূক্ত করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জিআরএস সফটওয়ারের মাধ্যমে কিভাবে অভিযোগ দায়ের কার যায় তা বিস্তারিতভাবে সেবাগ্রহীতাদের দেখান।

৫.০ সভাপতি আগত সেবাগ্রহীতাদের পক্ষ থেকে জানতে চাইলে মৌলভীবাজার থেকে আগত ইজারা প্রত্যাশী ব্যাক্তি বলেন, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র পাওয়ার নিমিত্ত নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ পরিবেশ অধিদপ্তর, মৌলভীবাজার জেলা কার্যালয়ে তাঁরা আবেদন করেছেন। পরবর্তীতে পরিবেশ অধিদপ্তর হতে EIA অনুমোদন করে তাঁকে ০১ (এক) টি কোয়ারির ছাড়পত্র প্রদান করা হয়েছে। তিনি উক্ত ছাড়পত্র ইতোমধ্যে বিএমডিতে দাখিল করেছেন। কিন্তু অদ্যাবধি তাঁর কোয়ারিটি অনুমোদন করা হয়নি। বিএমডির  সহকারী পরিচালক (ভূ-রসায়ন) জানান, দাখিলকৃত ছাড়পত্রসহ কোয়ারি অনুমোদনের প্রস্তাব জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

সিদ্ধান্ত :

(১) কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান অনলাইনে/অফলাইনে নাগরিক সেবা সংক্রান্ত অভিযোগ দায়ের করলে নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।

(২) খনিজ সম্পদ সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সরেজমিন পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

(৩) দাখিলকৃত ছাড়পত্রসহ কোয়ারি অনুমোদনের প্রস্তাব জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পুনরায় প্রেরণ করতে হবে।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭.০৩.২৩
(মোঃ আঃ খালেক মল্লিক)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৮৩৯১৫৬৭
ফ্যাক্স : ৯৩৩৪২১৫
ই-মেইল : dg@bomd.gov.bd

নং-২৮.০৭.০০০০.০০৪.২৭.০০৪.১২ (অংশ-৩).১৪৩ তারিখ : ০৫ চৈত্র ১৪২৯ / ১৯ মার্চ ২০২৩

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক............................................... বিএমডি, ঢাকা;
২। উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
৩। উপপরিচালক (সকল)............................................. বিএমডি, ঢাকা;
৪। সহকারী পরিচালক (সকল)........................................ বিএমডি, ঢাকা;
৫। সেবাগ্রহীতা/ইজারাপ্রত্যাশী/অংশীজন (সকল) জনাব.......................................;
৬। পি.এ টু মহাপরিচালক, বিএমডি, ঢাকা;
৭। অফিস কপি।

১৯.০৩.২০২৩
(মোসাঃ মাহবুবা খাতুন)
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)